তারিখ 20 DEC 1988
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক সংবাদ

# ছাত্র রাজনীতিমুক্ত কলেজ স্থাপনে সরকারী সিদ্ধান্ত

।। কাশেম হুমায়ুন ।।

ছাত্র রাজনীতিমুক্ত কলেজ স্থাপনে সরকারের উচ্চ পর্যায়ে নীতিগতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ ধরনের কলেজগুলোকে সরকারী অনুদান প্রদানের ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার প্রদানসহ অন্যান্য কি কি সুবিধা প্রদান করা যায় সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে শিক্ষা মন্ত্রণালয়কে সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের উচ্চ পর্যায় থেকে নির্দেশ দেয়া হয়েছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

(৭-এর পাতায় দেখুন)

## ছাত্র রাজনীতি

(১ম পাতার পর)

সূত্রটি জানান, ছাত্র রাজনীতি নিরুৎসাহিত করার নতুন কৌশল হিসেবে সরকারের নীতি নির্ধারকরা ছাত্র রাজনীতিমুক্ত কলেজ স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

দুই বছর আগে সরকারী দলের ছাত্র সংগঠন নতুন বাংলা ছাত্র সমাজ বিলুপ্ত করার পর পরই সরকারের সাথে ঘনিষ্ট একটি অংশ শিক্ষাঙ্গনে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার প্রস্তাব রেখে ছিল। কিন্তু সরকারের নীতি নির্ধারকরা একমত না হওয়ায় এই প্রস্তাবটি ভেস্তে যায়।

অতি সম্প্রতি সরকারী দলের অংগসংগঠন হিসেবে আবার নতুন করে একটি ছাত্র সংগঠন আত্মপ্রকাশের উদ্যোগ নেয়া হয়। এ জন্য ক্ষমতাসীন জাতীয় পার্টির বেশ কিছু নেতা সক্রিয় হন। তারা বিভিন্ন পর্যায়ের ছাত্র নেতাদের সাথে যোগাযোগ করেন। কিন্তু সরকারের নীতি নির্ধারকরা সরকারী দলের নতুন ছাত্র সংগঠন আত্মপ্রকাশের বিরোধিতা করে ছাত্র রাজনীতিকে নিরুৎসাহিত করার লক্ষ্যে নতুন কৌশল উদ্ভাবনের প্রস্তাব রাখেন বলে জানা গেছে।